দৈনিক ইত্তেফাক

তারিখ 09 NOV 1992
পৃষ্ঠা ১ কলাম ৫

# শিক্ষা বিস্তারের লক্ষ্যে আলাদা টিভি চ্যানেলের কথা চিন্তা করা হইতেছে

**..........প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেন, সরকার শিক্ষা বিস্তারের লক্ষ্যে টিভিতে একটি আলাদা চ্যানেল চালু করার কথা বিবেচনা করিতেছেন। বাসস জানায়, গত শনিবার বাংলাদেশ টেলিভিশনে উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কর্মসূচীর উদ্বোধনকালে তিনি বলেন, রেডিও এবং টিভি এক্ষেত্রে কার্যকর মাধ্যম। শিক্ষার উন্নয়নে সরকার এই মাধ্যমকে ব্যবহার করিতে (৭ম পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## শিক্ষা বিস্তারের লক্ষ্যে

(প্রথম পৃঃ পর)

চান। জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে জনগণকে অভিনন্দন জানাইয়া প্রধানমন্ত্রী বলেন, এইদিনে উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কর্মসূচীর উদ্বোধন ঘটনাটিকে আরও স্মরণীয় করিয়া রাখিবে। এই কর্মসূচীকে শিক্ষা ক্ষেত্রে একটি নবসংযোজন হিসাবে অভিহিত করিয়া প্রধানমন্ত্রী বলেন, সারাদেশ এই কর্মসূচীর আওতাভুক্ত হইবে। সম্প্রতি জাতীয় সংসদে উন্মুক্ত বিশ্ববিদ্যালয় বিল পাস হইয়াছে। ডাক বিভাগের সহযোগিতায় ছাপানো সিলেবাস এবং রেডিও-টিভির মাধ্যমে জনগণ শিক্ষা গ্রহণ করিতে পারিবে। তিনি বলেন, উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হইতে উন্নয়ন ও উৎপাদনমুখী শিক্ষা দেওয়া হইবে। নারী শিক্ষার উপর বিশেষ গুরুত্বসহকারে এখান হইতে উচ্চতর শিক্ষাদানের ব্যবস্থা থাকিবে। শ্রমজীবী এবং পশ্চাৎপদ জনসাধারণকে শিক্ষাদানের জন্য বিশেষ যত্ন নেওয়া হইবে। বেগম জিয়া বলেন, উন্মুক্ত বিশ্ববিদ্যালয় চালু হওয়ার ফলে নিরক্ষরতার হার হ্রাস পাইবে এবং অপ্রাতিষ্ঠানিক শিক্ষা যথাযথ গুরুত্ব পাইবে। সকলের সমানভাবে শিক্ষা লাভের সুযোগ সৃষ্টির লক্ষ্যেই উন্মুক্ত বিশ্ববিদ্যালয় চালু করা হইয়াছে। সরকার গণতন্ত্র এবং উন্নয়নের স্বার্থে দেশব্যাপী শিক্ষার আলো ছড়াইয়া দিতে চান। তিনি আশা প্রকাশ করেন যে, সকলের সহযোগিতায় এই বিশ্ববিদ্যালয়ের লক্ষ্য অর্জন সম্ভব হইবে।